‘লাঠিপেটা’র খবরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে লিগ্যাল নোটিশ

নিউজ ডেক্স : জনসাধারণকে মাস্ক পরা বাধ্য করতে পুলিশকে নির্বাহী ক্ষমতা দেওয়ার উদ্যোগের খবর প্রকাশের পর জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে লিগ্যাল নোটিশ পাঠিয়েছেন সুপ্রিম কোর্টের এক আইনজীবী।

ন্যাশনাল ল’ইয়ার্স কাউন্সিলের চেয়ারম্যান এসএম জুলফিকার আলী জুনু বৃহস্পতিবার (১৩ মে) ই-মেইলে এ নোটিশ পাঠিয়েছেন বলে জানিয়েছেন।

নোটিশদাতা নোটিশে উল্লেখ করেছেন, দেশের প্রচলিত সংবিধান ও মানবাধিকার লংঘন করে সরকার জনগণের উপর পুলিশ দ্বারা লাঠিপেটার নির্দেশ ও বিচারিক ক্ষমতা প্রয়োগের ক্ষমতা দেওয়ার সিদ্ধান্তের উদ্যোগ কেন বেআইনি ও সংবিধানবিরোধী হবে না? কেন অত্র সিদ্ধান্তের উদ্যোগ বাতিল করা হবে না? গণমাধ্যমে সংবিধানবিরোধী বক্তব্য দেওয়া কেন সংবিধান লংঘন ও মন্ত্রী হিসেবে নেওয়া শপথ

ভঙ্গের শামিল হবে না? এবং ওই ধরনের সংবিধানবিরোধী কার্যকলাপ নেওয়ায় মন্ত্রী মিডিয়ার মাধ্যমে রাষ্ট্রের মালিক জনগণের কাছে ক্ষমা চাওয়ার অনুরোধ মর্মে লিগ্যাল নোটিশ দেওয়া হলো।

প্রতিমন্ত্রীকে উদ্দেশ্য করে তিনি লেখেন, আপনাকে এই মর্মে অত্র লিগ্যাল নোটিশের মাধ্যমে জানানো যাচ্ছে যে, অদ্য বিভিন্ন অনলাইন পত্রিকার মাধ্যমে জানতে পারি যে, সরকারের নির্দেশে করোনা নিয়ন্ত্রণে পুলিশকে বিচারিক ক্ষমতা ও জনগণের ওপর লাঠিপেটার নির্দেশ দেওয়ার উদ্যোগ নিতে যাচ্ছে সরকার।

জনপ্রশাসনমন্ত্রীকে জনস্বার্থে লিগ্যাল নোটিশের মাধ্যমে জানানো যাচ্ছে যে, আপনি সরকারের একজন গুরুত্বপূর্ণ মন্ত্রী হয়ে রাষ্ট্রের মালিক জনগনের উপর পুলিশের লাঠিপেটা করার নির্দেশের উদ্যোগ নিতে পারেন না। গণমাধ্যমে দেওয়া আপনার এরূপ বক্তব্য সংবিধানবিরোধী, অতএব মন্ত্রী হিসেবে সংবিধান লংঘনের উদ্যোগ নেওয়া মন্ত্রী হিসেবে নেওয়া শপথ ভঙ্গের শামিল।

‘অতএব পুলিশকে বিচারিক ক্ষমতা প্রদান ও রাষ্ট্রের জনগণের উপর লাঠিপেটার সিদ্ধান্তের উদ্যোগ বন্ধের অনুরোধ জানাচ্ছি এবং মন্ত্রী হিসেবে নেওয়া শপথ ভঙ্গ অর্থাৎ সংবিধানবিরোধী বক্তব্য গণমাধ্যমে দেওয়ায় জাতির কাছে ক্ষমা চাওয়ার আবেদন করছি। ’

লিগ্যাল নোটিশ প্রাপ্তির ৭২ ঘণ্টার মধ্যে সংবিধানবিরোধী কার্যকলাপ ও সিদ্ধান্ত বন্ধ করা না হলে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় যথাযথ নির্দেশনা চেয়ে রিট দায়ের করা হবে বলে উল্লেখ করা হয়েছে। বাংলানিউজ